

রাজশাহী কলেজ, রাজশাহী

ডকেট নং ৭৫৫

তারিখ ১৫/১২/২০২৫

স্থাপিত. ১৮৭৩

সীমিত

প্র/ন, কমান্ডার জেনারেল মাহদি মুহাম্মদ

কার্যালয় XI-XII এং কমান্ডার জেনারেল মাহদি মুহাম্মদ

কমান্ডার খুলনা নৌ অঞ্চল

শহর খালিশপুর

খুলনা-৯০০০

কপি দিনা

১২/১২/২৫

১৫/১২/২৫

ফোনঃ ০২৫৫০৫৯২০০-২৩ বর্ধিত ৪১১৯

ফ্যাক্সঃ ০২৫-৫০৫৯২৮১

মোবাইলঃ ০১৭৬৯৭৮৪১১৯

ই-মেইলঃ comkhulsot@navy.mil.bd

০৬ পৌষ ১৪৩২

২৫ ডিসেম্বর ২০২৫

২৩.০২.৪৭৪৫.৬০০.২৫.১৯৪.২৫.২১২২২

অফিসার ক্যাডেট ২০২৭এ ব্যাচের জন্য **ADMISSION CAMPAIGN** পরিচালনা প্রসঙ্গে

সূত্রঃ

ক। নৌ সদর দপ্তর পত্র নং ২৩.০২.২৬২৬.১৪১.১১.০১৪.২৫.৯৯১ তারিখ ১৫ ডিসেম্বর ২০২৫ (সকলকে নয়)।

১। বাংলাদেশ নৌবাহিনীর উপর অর্পিত দায়িত্ব পালন তথা দেশ মাতৃকার সেবায় আত্মনিয়োগের জন্য এ বাহিনীতে চৌকস, বিচক্ষণ ও মেধাবী শিক্ষার্থীদের যোগদান বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করা হয়ে থাকে। এ সকল শিক্ষার্থী নৌবাহিনীতে অফিসার হিসেবে যোগদানের পর দেশে ও বিদেশে উপযুক্ত প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দেশ মাতৃকার পবিত্র সেবায় নিজেদেরকে নিয়োজিত করার সুযোগ পায়। বিশাল সমুদ্র সীমার সার্বভৌমত্ব রক্ষাসহ বিবিধ দায়িত্ব পালনের জন্য আকর্ষণীয় ও চ্যালেঞ্জিং এ পেশায় যোগদানে উদ্বুদ্ধ করার অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে ক্যাডেট কলেজ এবং স্বনামধন্য কলেজসমূহের এইচএসসি পরীক্ষার্থীদের মাঝে নৌবাহিনী কর্তৃক Admission Campaign পরিচালনা করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২। ইতোপূর্বে আপনার শিক্ষা প্রতিষ্ঠান হতে উল্লেখযোগ্য সংখ্যক মেধাবী তরুণ নৌবাহিনীতে অফিসার হিসেবে যোগদান করে দেশে/বিদেশে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এহেন অবদান বাংলাদেশ নৌবাহিনী তথা জাতির নিকট চিরস্মরণীয় হয়ে থাকবে। এরই ধারাবাহিকতায় এ বছরও আমরা আপনার কলেজের আগ্রহী শিক্ষার্থীদেরকে বাংলাদেশ নৌবাহিনীতে অফিসার ক্যাডেট (পুরুষ ও মহিলা) হিসেবে যোগদানের জন্য আহ্বান জানাচ্ছি। এপ্রেক্ষিতে নৌবাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগদানে উদ্বুদ্ধকরণসহ কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম আগামী জানুয়ারি ২০২৬ এর মধ্যে পরিচালনার লক্ষ্যে প্রস্তাবনা (প্রস্তাবিত তারিখ ও সময়) আগামী ২৩ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ে আপনার শিক্ষা প্রতিষ্ঠানে একটি অস্থায়ী স্টল স্থাপন ও এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৩। এতদসংক্রান্ত, যে কোন বিষয়ে প্রয়োজনীয় সমন্বয়ের জন্য স্টাফ অফিসার (ট্রেনিং) টু কমখুল (০১৭৬৯৭৮৪১১৯) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সহিদুল ইসলাম
কমান্ডার বিএন
পক্ষে কমান্ডার খুলনা নৌ অঞ্চল

বিতরণঃ

বহিঃঃ

কার্যঃ

অধ্যক্ষ, রাজশাহী কলেজ

অধ্যক্ষ, ঝিনাইদহ ক্যাডেট কলেজ

অধ্যক্ষ, পাবনা ক্যাডেট কলেজ

অধ্যক্ষ, বরিশাল ক্যাডেট কলেজ

অধ্যক্ষ, সরকারী বিএল কলেজ, খুলনা

অধ্যক্ষ, মিলিটারি কলেজিয়েট স্কুল, ঝাংনা

অবগতিঃ

পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর

- ই-মেইলের মাধ্যমে।

সীমিত